



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা চট্টগ্রাম।

## সাবেক মন্ত্রী জহুর আহমদ চৌধুরীর কবরে সিটি মেয়রের শ্রদ্ধা নিবেদন

চট্টগ্রাম- ০১ জুলাই ২০১৮খ্রি.

সাবেক মন্ত্রী, জননেতা ও মহান মুক্তিযুদ্ধের পূর্বাঞ্চলীয় চেয়ারম্যান ও বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর মরহুম জহুর আহমদ চৌধুরীর ৪৪ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে আজ ১ জুলাই রবিবার, সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন মরহুম জহুর আহমদ চৌধুরী কবর জেয়ারত, ফাতেহা পাঠ, মোনাজাত ও ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। মেয়র মহান মুক্তিযুদ্ধে মরহুমের অবদানের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন, স্বাধীনতার পর তিনিই সর্ব প্রথম ইষ্টার্ণ জোনে স্বাধীনতার পতাকা উত্তোলন করেছিলেন। তিনি বলেন জহুর আহমদ চৌধুরী সৎ, ত্যাগী আদর্শবান দেশ প্রেমিক রাজনীতিক ছিলেন। তাঁর জীবনী অনুসরণ করে আগামী প্রজন্মকে দেশপ্রেমের উদ্ভুদ্ধ হওয়ার তাগিদ দেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। এসময় চসিক কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, তারেক সোলাইমান সেলিম ও হাসান মুরাদ বিপ্লব প্রমূখ উপস্থিত ছিলেন। পরে মেয়র মরহুম জহুর আহমদ চৌধুরীর জৈষ্ঠপুত্র চট্টগ্রাম মাহনগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরীর সহ ধর্মিনী সিটি কর্পোরেশনের সাবেক কমিশনার শাহনাজ মাহতাবের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।

## রোটারী ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট

### জোন কর্ণফুলীর বর্ণাঢ্য আনন্দ র্যালী উদ্বোধন করলেন-সিটি মেয়র

চট্টগ্রাম- ০১ জুলাই ২০১৮খ্রি.

২০১৮-২০১৯ রোটারী বর্ষে দায়িত্ব গ্রহণ উপলক্ষে রোটারী ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ৩২৮২ এর আওতাধীন জোন কর্ণফুলীর উদ্যোগে এক বর্ণাঢ্য আনন্দ র্যালী বের করে। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বেলুন উড়িয়ে এ র্যালীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। আজ ০১ জুলাই রবিবার বিকেলে নগরীর জমিয়তুল ফালাহ ময়দান প্রাঙ্গণ থেকে র্যালীটি শুরু হয়ে নগরীর বিভিন্ন প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বারিক বিন্ডিংস্থ মোড়ে গিয়ে শেষ হয়। উদ্বোধনকালে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, রোটারিয়ানদের মূখ্য উদ্দেশ্য হলো মানব সেবা। সে সেবাকে স্বার্থের উর্ধ্ব ধারণ করে রোটারিয়ানরা মানব সেবায় নিয়োজিত থাকে। বিশেষ করে অবহেলিত জনগোষ্ঠীর পাশে দাঁড়িয়ে মানবসেবার যে কাজ করছে তা প্রশংসনীয় উদ্যোগ বলে তিনি উল্লেখ করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, রোটারিয়ানদের উদ্যোগের কারণে আজ সারা বিশ্বকে পোলিও মুক্ত করা সম্ভব হয়েছে। রোটারিয়ানরা গর্বিত এই জন্য যে তারা আজ শিশুদের পাশে দাঁড়াতে সক্ষম হয়েছে। তিনি সরকারের

পাশাপাশি রোটোরিয়ানদের বিভিন্ন সেবামূলক কাজে আরো বেশি বেশি অবদান রাখার উপর গুরুত্বারোপ করেন।

এসময় আরো বক্তব্য রাখেন নবনির্বাচিত গভর্নর রোটোরিয়ান দিলনাশিন মোহসেন, প্রাক্তন গভর্নর অধ্যাপক মো. তৈয়ব চৌধুরী, গভর্নর নমিনী আতাউর রহমান পীর, প্রধান উপদেষ্টা পিপি ডা. মঈনুল ইসলাম মাহমুদ জোনাল কো-অর্ডিনেটর সিপি মোহাম্মদ রিজওয়ান সাহেদী, র্যালী কমিটির চেয়ারম্যান সিপি মো. ওমর আলী ফয়সাল, কো-চেয়ারম্যান সিপি মো. নজরুল ইসলাম নান্টু, আবু হাসনাত চৌধুরী, সেক্রেটারী আইপিপি মো. খোরশেদুল আলম, জয়েন্ট সেক্রেটারী আইপিপি মো. আশরাফ চৌধুরী, ট্রেজারার পিপি হাসিনা আকতার লিপি, হোস্ট ক্লাব প্রেসিডেন্ট আঞ্জুমান আরা বেগম, এড. শওকত আউয়াল চৌধুরী, মো. জাবেদ, ইরফানুল আলম দোভাস, এরশাদুল আলম সহ প্রমুখ। রোটারী ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক্ট ৩২৮২ জোন কর্ণফুলী অপর্ণাচরন সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজের ছাত্রীদের জন্য ৫০ টি ছাতা ও ৫০টি রেইনকোট গভর্নিং বডি'র সদস্য এ এ এম সাইফুদ্দিন ও অধ্যক্ষ জারেকা বেগমের হাতে তুলে দেন।

**সংবাদদাতা**

**রফিকুল ইসলাম**

**জনসংযোগ কর্মকর্তা**

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**